দৈনিক বাংলা

তারিখ 05 AUG 1992 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

137 ১৩৭

# নতুন কেন্দ্রীয় কমিটি বাতিল দাবীতে ছাত্রদলের কিছু কর্মীর অনশন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : জাতীয়তাবাদী ছাত্রদলের একদল নেতা-কর্মী সংগঠনের নতুন কেন্দ্রীয় কমিটি বাতিলের দাবীতে সোমবার রাত থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে আমরণ অনশন শুরু করেছেন।

অপরদিকে ডাকসু ভবনের সামনে এক সমাবেশে নতুন কমিটির কয়েকজন নেতা দলের মধ্যে ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে হুঁশিয়ার করে দিয়েছেন।

অনশনকারী ছাত্র নেতৃবৃন্দ অভিযোগ করেছেন যে অগণতান্ত্রিকভাবে নতুন কমিটি গঠন করা হয়েছে।

বিএনপির ছাত্র বিষয়ক উপদেষ্টা এডভোকেট মজিবুর রহমান তার একক সিদ্ধান্তে এই কমিটি গঠন করেন। এমন কি কমিটি গঠনের ব্যাপারে ছাত্রদলের সভাপতি, সাধারণ সম্পাদকের সঙ্গেও কোন আলোচনা করা হয়নি বলে তারা অভিযোগ করেন।

মঙ্গলবার সর্বমোট ১৩০ জন নেতা কর্মী অনশনে অংশ নেন। স্বাস্থ্যের অবনতি ঘটায় দুজন কর্মীকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠান হয়। এরা হচ্ছেন গোলাম গাউস ও এনামুল হক।

ছাত্রদল ঢাকা কলেজ শাখা আলাদা প্যান্ডেল বেঁধে অনশনে যোগ দিয়েছে।

অনশনকারী নেতৃবৃন্দ দাবী করেন যে ছাত্রদলের সংখ্যাগরিষ্ঠ নেতা-কর্মী তাদের পক্ষে আছেন।

ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ইলিয়াস আলী এবং সাংগঠনিক সম্পাদক আবদুল মালেক দুপুরে অনশনরত ছাত্রদল নেতা কর্মীদের দেখতে আসেন। ইলিয়াস আলী অনশনরত নেতা কর্মীদের অনশন ভঙ্গের অনুরোধ জানান। কিন্তু অনশনকারীরা দাবী না মানা পর্যন্ত অনশন ভঙ্গে অসম্মতি জানান।

## ক্যাম্পাসে সমাবেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের এক সমাবেশে নেতৃবৃন্দ দলের মধ্যে ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে হুঁশিয়ারী উচ্চারণ করেছেন। নেতৃবৃন্দ বলেন, অতীতের মতো এবারও ষড়যন্ত্রকারীদের প্রতিহত করা হবে। কারো ব্যক্তি স্বার্থে ছাত্রদলকে পরিচালিত হতে দেয়া হবে না।

ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত এই সমাবেশে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক এবং বিশ্ববিদ্যালয়ের শাখার নেতৃবৃন্দ অনুপস্থিত ছিলেন।

উল্লেখযোগ্য যে সব নেতা সমাবেশে বক্তৃতা করেন তাদের মধ্যে রয়েছেন নতুন কমিটির সহ-সভাপতি, ফজলুল হক মিলন, নাজিমউদ্দিন আলম, যুগ্ম-সম্পাদক কামরুজ্জামান রতন ও রফিকুল ইসলাম জগলু, কেন্দ্রীয় নেতা আবুল খায়ের ভূঁইয়া, সফিকুর রহমান সফিক, তরিকুল ইসলাম বনি, শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, সাঈদ সোহরাব, মনজুর-এ-ইলাহী, মনোয়ার হোসেন রানা, সাগীর আহমদ প্রমুখ।

নেতৃবৃন্দ নতুন কমিটির নেতৃত্বে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য ছাত্রদলের সর্বস্তরের কর্মীদের প্রতি আহ্বান জানান। সমাবেশে বিএনপির ছাত্র বিষয়ক উপদেষ্টা এডভোকেট মজিবুর রহমানের বাসভবনে দুষ্কৃতকারীদের হামলার তীব্র নিন্দা করা হয় এবং হামলাকারীদের গ্রেপ্তার ও বিচারের দাবী জানানো হয়।

শিক্ষাঙ্গণকে সন্ত্রাসমুক্ত করা এবং গণতান্ত্রিক ব্যবস্থাকে সকল ষড়যন্ত্রের হাত থেকে রক্ষার লক্ষ্যে ছাত্রদল আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক ছাত্র সভা আহ্বান করেছে। সকাল দশটায় অপরাজেয় বাংলার সামনে এই ছাত্রসভা অনুষ্ঠিত হবে।